# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**13 FEBRUARY 2025** **7:45—7:55**

---

---

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল আসাম সফরের উদ্দেশ্যে জরুরীকালীন সময়ে উড়ণ-অবতরণ করতে সক্ষম বিশেষভাবে প্রস্তুত করা জাতীয় সড়কে অবতরণ ।

২) রাজ্য বিধানসভা নির্বাচন সম্পর্কে পর্যালোচনার উদ্দেশ্যে আগামী ১৬ ফেব্রুয়ারী পূর্ণাঙ্গ নির্বাচন কমিশনের আসাম সফর ।

৩) মা কামাখ্যা এক্সপ্রেস করিডোর নির্মানের জন্য রাজ্য সরকারকে হাইকোর্টের সবুজ সংকেত ।

এবং

৪) আজ বিশ্ব রেডিও দিবস । মুখ্যমন্ত্রীর শুভেচ্ছা ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বেশ কয়েকটি প্রকল্প উদ্বোধন করার উদ্দেশ্যে আগামীকাল আসাম সফরে আসছেন । তিনি আগামীকাল জরুরীকালীন সময়ে উড়ণ-অবতরণ করতে সক্ষম বিশেষভাবে প্রস্তুত করা জাতীয় সড়কে অবতরণ করবেন । এর আগে প্রধানমন্ত্রী প্রথমে সাবুয়ার সেনা ঘাটিতে উপস্থিত হবেন এবং সেখান থেকে মরাণ যাবেন । এই জরুরীকালীন অবতরণ ক্ষেত্রটি বায়ুসেনার জন্য কৌশলগত বিষয়ে বিশেষভাবে গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হচ্ছে । যুদ্ধ অথবা যেকোন জরুরীকালীন অবস্থায় পরম্পরাগত বিমান বন্দরসমূহ অচল হয়ে গেলে এই বিকল্প অবতরণ ক্ষেত্র সেনাবাহিনীর জন্য ফলপ্রসু হবে । প্রধানমন্ত্রীর সফরের প্রস্তুতির অংশ হিসেবে

ইতিমধ্যেই ডিব্রুগড়ের মরাণে ভারতীয় বায়ুসেনার যুদ্ধ বিমান উত্তর-পূর্বাঞ্চলের প্রথম জরুরীকালীন অবতরণ ক্ষেত্রে পরীক্ষামূলক উড়ণ এবং অবতরণ সম্পন্ন করে । ৪ দশমিক ২ কিলোমিটার দৈর্ঘের এই জরুরীকালীন অবতরণ ক্ষেত্রে সুখোই-থার্টি , রেফেল , তেজস বিমান সহ হার্কিউলিস এবং এন্টনভ-এ-এন-থার্টিটু পরিবহণ বিমান অবতরণ ও উড়ন কৌশল প্রদর্শন করেছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মরান থেকে সরসরি গৌহাটি আসবেন । গৌহাটিতে তিনি ব্রম্মপুত্রের ওপর নির্মীত গৌহাটি-উত্তর গৌহাটি সংযোগী কুমার ভাষ্করবর্মা সেতুর উদ্বোধন করবেন । এর পর শ্রী মোদী গৌহাটির ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান ( আই আই এম)-এর একটি অস্থায়ী প্রাঙ্গনের উদ্বোধন করবেন এবং কেন্দ্রীয় তহবিলে ক্রয় করা ১শোটির অধিক বৈদ্যুতিক বাসের সূচনা করবেন । একই সঙ্গে প্রধানমন্ত্রী আমিনগাওয়ে একটি হাইপার স্কেল তথ্য কেন্দ্রেরও  উদ্বোধন করবেন । এই সফরকালে শ্রী মোদী গৌহাটিতে আয়োজিত একটি দলীয় কর্মী সভায়ও অংশ গ্রহণ করবেন ।

---------------------------------------------------------------------------------------------------

রাজ্য বিধানসভা নির্বাচন সম্পর্কে পর্যালোচনা করার জন্য আগামী ১৬ই ফেব্রুয়ারি পূর্ণাঙ্গ নির্বাচন কমিশন আসামে আসবে । তিনদিনের সফরসূচি নিয়ে রাজ্যে এসে দলটি আগামী ১৭ই ফেব্রুয়ারি বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে নির্বাচন সম্পর্কে আলোচনা করবে । মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে দলটি প্রথমে রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক অনুরাগ গোয়েলের কাছে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতির খোঁজখবর নেবে । দলটি আগামী ১৮ই ফেব্রুয়ারি রাজ্যের একশো জন বি এল ও'র সঙ্গে মত বিনিময় করবে । এছাড়া রাজ্যের মুখ্য সচিব এবং পুলিশের সঞ্চালক প্রধানের সঙ্গেও নির্বাচন কমিশনের দলটি আলোচনায় মিলিত হবে । এরপর সেইদিন বিকেলে কমিশনের পক্ষ থেকে একটি সাংবাদিক সম্মেলনেরও আয়োজন করা হবে ।

---------------------------------------------------------------------------------------------------

গৌহাটি হাইকোর্ট পি এম ডিভাইন প্রকল্পের অধীনে মা কামাখ্যা এক্সেসেস করিডোর নির্মাণের জন্য রাজ্য সরকারকে সবুজ সংকেত প্রদান করেছে । এই এক্সেসেস করিডোর নির্মাণের ফলে মা কামাখ্যা মন্দিরের পাশাপাশি এর ভেতরের জলাধারে এর কোনো প্রভাব পড়বে না বলে আশ্বাস প্রদানের পর হাইকোর্টের মুখ্য বিচারপতি আশুতোষ কুমার এবং বিচারপতি অরুণ দেবচৌধুরীর ডিভিশন বেঞ্চ রাজ্য সরকার যাবতীয় নির্মাণ কার্য চালিয়ে যেতে পারবে বলে নির্দেশ দিয়েছে । উল্লেখ্য- এই করিডোর নির্মাণের ফলে মা কামাখ্যা মন্দির এবং দশ মহাবিদ্যা মন্দিরের পুরনো পরিকাঠামো এবং মন্দিরের ভেতরের জলাধারের উপর এর প্রভাব পড়ার আশংকা করে একটি জনস্বার্থ জনিত

আবেদন এবং রিট আবেদন দাখিল করা হয়েছিল । এই আবেদন সমূহের শুনানিকালে রাজ্য সরকারের প্রবীণ আইনজীবি দেবজিৎ শইকিয়া আই আই টি- গুয়াহাটির অনুমোদন জানানো নক্সা এবং রূপরেখার ভিত্তিতে এই করিডোর প্রকল্প নির্মাণ হবে বলে আদালতকে অবগত করেন । করিডোর নির্মাণ প্রসঙ্গে রুরকির ন্যাশনেল ইনস্টিটিউট অব হাইড্রোলজি, ভূতাত্ত্বিক বিষয় এবং জলতত্ত্ব সম্পর্কে পরীক্ষা করে প্রতিবেদন দাখিল করেছে । এই প্রতিবেদনে প্রকল্পটি নির্মাণযোগ্য এবং কোনো ক্ষতিকারক বিষয় নেই বলে স্পষ্ট করে উল্লেখ করা হয়েছে । সরকারের দাখিল করা এধরণের তথ্যের পর হাইকোর্ট মা কামাখ্যা এক্সেসেস করিডোর নির্মাণের জন্য রাজ্য সরকারকে অনুমতি প্রদান করে । তবে এই নির্দেশে আদালত প্রকল্প নির্মাণের ক্ষেত্রে অসঙ্গতি প্রত্যক্ষ করলে আবেদনকারী পক্ষসমূহ পুনরায় আদালতের দ্বারস্থ হবে স্পষ্ট করে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

আজ বিশ্ব রেডিও দিবস । এবছর বিশ্ব রেডিও দিবসের মূল বিষয় হচ্ছে - 'কৃত্রিম বুদ্ধিমত্তা এবং রেডিও'। বিশ্ব রেডিও দিবসে এবছর কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগের ফলে বেতার সম্প্রচারের ক্ষেত্রে উদ্ভুত সুবিধা এবং প্রত্যাহ্বান সম্পর্কে আলোচনা করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা বিশ্ব রেডিও দিবস উপলক্ষে সবাইকে শুভেচ্ছা জানিয়েছেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় মুখ্যমন্ত্রী রেডিওর সঙ্গে তাঁর আশৈশবের স্মৃতি রোমন্থন করেন । আকাশবাণীর বিভিন্ন কেন্দ্র এই দিবস উপলক্ষে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করেছে ।

এদিকে বিশ্ব রেডিও দিবস উপলক্ষে লায়ন্স ক্লাব অব শিলচর ভ্যালি ভিউ'র পক্ষ থেকে আকাশবাণী শিলচর কেন্দ্রের আধিকারিক কর্মচারীদের শুভেচ্ছা জানানো হয়েছে । সংগঠনটির পক্ষ থেকে এই কেন্দ্রের প্রবীণতম কর্মীকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

সঙ্গীত শিল্পী জুবিন গার্গের সিঙ্গাপুরে রহস্যজনক মৃত্যু সম্পর্কে আজ কামরূপ জেলা সেশন আদালতে শুনানি সম্পন্ন হয় । আদালতে মূল ৩ জন অভিযুক্ত শ্যামকানু মহন্ত , সিদ্ধার্থ শর্মা এবং শেখরজ্যোতি গোস্বামীর দাখিল করা পৃথক পৃথক আবেদনের শুনানি গ্রহণ করা হয় । উভয়পক্ষের যুক্তি শুনার পর আদালত অভিযুক্তদের আবেদন সম্পর্কে আগামী ১৬ ফেব্রোয়ারী রায়দানের দিন ধার্য করে । আজকের এই শুনানি প্রক্রিয়ায় জুবিন গার্গের স্ত্রী গরিমা শইকীয়া গার্গ উপস্থিত ছিলেন । গরিমা শইকীয়া গার্গ এবং পামি বরঠাকুর ফাষ্টট্রাক আদালতের মাধ্যমে এই বিচার প্রক্রিয়া সম্পন্ন করার আবেদন জানিয়েছেন ।

---

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ ওদালগুরিতে রঙ্গিয়া - রাঙ্গাপারা রেললাইনের ওপর নির্মীয়মান উরণ সেতুর শিলান্যাস করেছেন । ৬৪ কোটি টাকা ব্যায় সাপেক্ষে নির্মীয়মান এই উরণ সেতুর কাজ সম্পন্ন হলে ওই অঞ্চলের জনসাধারণ প্রচন্ড যান-জট থেকে রেহাই পাবেন । এরপর তিনি সাপকাটিতে ২৫ বিঘা জিমতে ১শো ৫০ কোটি টাকা ব্যায় সাপেক্ষে বি টি সি-র মিনি সচিবালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করে সেখানে আয়োজিত এক জনসভায় যোগ দিয়ে কলাইগাও ষ্টেডিয়ামে ২৬ হাজার ৯শো ৮৮ জন মহিলাকে মুখ্যমন্ত্রীর মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে ১০ হাজার টাকার চেক বিতরণ করেন । এছাড়া , ওই জেলার টংলা শহরে ৩৬ কোটি টাকা ব্যায় সাপেক্ষে নবনির্মীত দুটি পাণীয়জল সরবরাহ প্রকল্পের আনুষ্ঠানিক সূচনা করেন ।

---

শ্রীভূমি জেলার ভারপ্রাপ্ত শিশু সুরক্ষা আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জেলার যোগ্য শিক্ষার্থীদের ২০২৬ সালের দুন স্কুল স্কলারশিপ পরীক্ষায় নাম পঞ্জীয়ন করার আহ্বান জানিয়েছেন । জেলার যোগ্য শিক্ষার্থীরা ওয়েব সাইট  ডবলিউ ডবলিউ ডবলিউ দুনস্কুল ডট কম/ডি এস এস ই -এর মাধ্যমে তাদের নাম স্কলারশিপ পরীক্ষার জন্য পঞ্জীয়ন করতে পারবে । বিস্তারিত বিবরণ ওই ওয়েব সাইটে পাওয়া যাবে । উল্লেখ্য দুন স্কুল স্কলারশিপ পরীক্ষার মাধ্যমে আর্থিকভাবে দুর্বল মেধাবী শিক্ষার্থীদের বৃত্তির মাধ্যমে ওই বিদ্যালয়ে শিক্ষার সুযোগ প্রদান করা হয় ।

---

শিলচর পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- দিগর কাশীপুর থেকে ভায়া ছাপ্পানহাল হয়ে কাঠিয়া বস্তি পর্যন্ত সড়কে একটি কালভার্টের সংস্কার কাজের জন্য আগামীকাল থেকে আগামী ১৪ই এপ্রিল পর্যন্ত , এই সড়ক দিয়ে সবধরনের ভারী যান চলাচল বন্ধ থাকবে ।

---

শ্রীভূমি জেলার শ্রীগৌরী এলাকায় আজ এক সড়ক দূর্ঘটনায় এক কিশোরের মৃত্যু হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে আজ দুপুরে ৬ নম্বর জাতীয় সড়কে একটি ট্রাক ও মোটর সাইকেলের সংঘর্ষে মোটর সাইকেলের পিছনের সিটে বসে থাকা কিশোর আরিফুল ইসলামের ঘটনাস্থলেই মৃত্যু হয় । পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য করিমগঞ্জ সিভিল হাসপাতালে পাঠায় । নিহত কিশোর আরিফুল ইসলাম কাছাড় জেলার কালাইনের বাসিন্দা । সে  মামার বাড়ি বেড়াতে এসেছিল।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের পক্ষ থেকে আজ শিলচর রাধামাধব কলেজ লাইব্রেরির লায়ন্স বুক ব্যাংকে বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার ২০টি মূল্যবান বই দান করা হয়েছে। এই উপলক্ষে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডক্টর অরুন্ধতী দত্ত চৌধুরীর পৌরহিত্যে আয়োজিত এক সভায় কলেজে বই দানের বিষয় নিয়ে ডক্টর সুব্রত নন্দী , সৌমিক সেন , অরিন্দম ভট্টাচার্য প্রমুখ বক্তব্য রাখেন ।

--------------------------------------------------------------------------------